দৈনিক আমাদের সময়

তারিখ: 5 AUG 2017
পৃষ্ঠা: ৬ কলাম: ২

# ইন্দুরকানীতে জরাজীর্ণ ভবনে শিশুদের ক্লাস

পিরোজপুর প্রতিনিধি ●

ষাটের দশকে স্থাপিত পিরোজপুরের ইন্দুরকানী উপজেলার পত্তাশী ইউনিয়নের পত্তাশী জনকল্যাণ মাধ্যমিক বিদ্যালয়ের ভবনটি গত পাঁচ বছর ধরে জরাজীর্ণ অবস্থায় থাকলেও সংস্কারের কোনো উদ্যোগ নেওয়া হয়নি। প্রায় পরিত্যক্ত এই ভবনেই শিক্ষার্থীরা জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছে। বিদ্যালয়টিতে বর্তমানে তিন শতাধিক ছাত্রছাত্রী রয়েছে। বর্ষা মৌসুমের শুরুতেই ভবনের ছাদ চুঁয়ে পানি পড়ছে। বাধ্য হয়ে শিক্ষকরা পলিথিন ও তাঁবু টানিয়ে ক্লাস নিচ্ছেন।

সরেজমিন দেখা যায়, ভবনটি একেবারে জরাজীর্ণ। এর পলেস্তারা খসে পড়ছে, ছাদ থেকে পানি পড়ে বারান্দা ও ক্লাসরুমগুলো কাদায় একাকার হয়ে গেছে। এর মধ্যেই পলিথিন টানিয়ে ক্লাস করাচ্ছেন শিক্ষকরা। শিক্ষকদের বসার কক্ষটিও একেবারে ঝুঁকিপূর্ণ। তাদের কক্ষটিতেই তাঁবু টানিয়ে অফিসের কাজ করতে হচ্ছে।

বিদ্যালয়ের ছাত্রী সুমি আক্তার জানায়, বিদ্যালয়ের ভবন থেকে পানি পড়ায় তাদের নিয়মিত ক্লাস করতে খুব কষ্ট হচ্ছে। অভিভাবকদের দাবি, অতি দ্রুত নতুন বিদ্যালয় ভবন নির্মাণ অথবা সংস্কার করে শিক্ষার্থীদের ঝুঁকির হাত থেকে রক্ষা করা হোক।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) অধির চন্দ্র সমদ্দার জানান, ভবন জরাজীর্ণ থাকায় ৩ শতাধিক শিক্ষার্থীকে ঝুঁকির মধ্যে পলিথিন টানিয়ে ক্লাস করাতে হচ্ছে। সংশিষ্ট কর্তৃপক্ষের কাছে একাধিকবার আবেদন করেও ভবন নির্মাণের কোনো ব্যবস্থা হয়নি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মীর একেএম আবুল খায়ের জানান, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে একাধিকবার জানানো হয়েছে। কিন্তু কোনো সুরহা হচ্ছে না। দ্রুত বিদ্যালয় ভবন সংস্কার কিংবা পুনর্নির্মাণ প্রয়োজন বলে মনে করেন তিনি।